



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০১৯

আলোকিত হলো নগরীর আরও দুইটি সড়ক

রাজশাহী; ১১ শ্রাবণ (২৬ জুলাই):

রাজশাহী মহানগরীর রেন্টুর খড়ির আড়ত হতে বুলনপুর হয়ে ঢালুর মোড় পর্যন্ত এবং কাঁঠালবাড়িয়া হতে কাশিয়াডাঙ্গা মোড় পর্যন্ত সড়কে আধুনিক দৃষ্টিনন্দন সড়কবাতির উদ্বোধন করা হয়েছে।

বুধবার (২৬ জুলাই) সন্ধ্যা সাড়ে ৭টায় বুলনপুর কড়ইতলা মোড়ে এবং রাত সাড়ে ৮টায় কাঁঠালবাড়িয়া মোড়ে আনুষ্ঠানিকভাবে সুইচ চেপে সড়ক দুটির আলোকায়নের উদ্বোধন করেন রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটন। উদ্বোধনের পর সড়ক আলোকায়ন ঘুরে দেখেন ও স্থানীয় জনগণের সাথে কুশল বিনিময় করেন তিনি।

উদ্বোধনী অনুষ্ঠানে রাজশাহী সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ, রাজশাহী সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবিএম আসাদুজ্জামান সুইট, সহকারী প্রকৌশলী ইনজামুল হক, উপ-সহকারী প্রকৌশলী আসাদুল ইসলামসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, নগরীর রেন্টুর আড়ত হতে ঢালুর মোড় পর্যন্ত সড়কে ৩৩টি পোল স্থাপন করা হয়েছে প্রতিটি পোলে দুটি আধুনিক সুসজ্জিত বিদ্যুৎ সশরী সড়কবাতি সংযোজন করা হয়েছে। একইভাবে কাঁঠালবাড়িয়া হতে কাশিয়াডাঙ্গা মোড় পর্যন্ত সড়কে ৩১টি পোল স্থাপন করা হয়েছে। প্রতিটি পোলে দুটি করে আধুনিক সুসজ্জিত সড়কবাতি সংযোজন করা হয়েছে। এই আলোকায়নে নাগরিকদের চলাচলে নিরাপত্তা বৃদ্ধির পাশাপাশি বেড়েছে নগরীর সৌন্দর্য।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/২১.২৫ঘ.